



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ



বিজ্ঞপ্তি নং-৫৩/নসক/২০২৬

তারিখ: ০১/০৭/২০২৬ খ্রি.

২০২৪ সালের মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) কোর্সের রেজিস্ট্রেশন করতে ইচ্ছুক শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী ১৯/০৭/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্নলিখিত যোগ্যতা ও বিষয় অনুসরণ করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) Masters Tab এ গিয়ে Apply Now (Masters Private) এ প্রবেশ করে প্রার্থীর পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আবেদন ফরম পূরণপূর্বক প্রিন্ট কপি সংগ্রহ করে নির্ধারিত ফি ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দিয়ে আবেদন ফরমের প্রিন্ট ও টাকা জমাদানের প্রেমেন্ট স্লিপের কপি ও প্রয়োজনীয় কাগজপত্রসহ পরীক্ষা শাখায় সকাল ১০:০০ হতে বেলা ০২:০০ টা পর্যন্ত জমা দানের নির্দেশ দেয়া হলো।

১। আবেদনের যোগ্যতা :

- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না।
- (খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩ সাল থেকে ২০২৩ সাল ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
- (গ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল থাকা সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।
- (ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।
- (ঙ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

২। প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য নির্ধারিত বিষয় : বাংলা, ইংরেজি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ব্যবস্থাপনা ও হিসাববিজ্ঞান।

- * বিষয় নির্বাচনের ক্ষেত্রে স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর ১ম পর্ব কোর্সে পঠিতব্য বিষয়েই রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে হবে।
- * প্রাইভেট পরীক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিয়মিত শিক্ষার্থীদের জন্য নির্ধারিত ২০২৩-২৪ পাঠ্যসূচি অনুসরণ করতে হবে।

৩। পূরণকৃত আবেদন ফরমের প্রিন্টকপির সাথে প্রয়োজনীয় কাগজ পত্র সংযুক্ত করতে হবে :

- (ক) এস.এস. সি/ সম্মান ও এইচ.এস.সি/সম্মান পরীক্ষা পাশের মূল সনদপত্রের ফটোকপি।
- (খ) স্নাতক (পাস) ও স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।

- (গ) ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ।
- (ঘ) স্নাতক (সম্মান) মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
- (ঙ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে “শিক্ষা ছুটি দেয়া হবে” মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়ন পত্র।
- (চ) প্রিন্টকৃত আবেদন কপি যাচাই করার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।
- (ছ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০২ কপি।

৪। প্রয়োজনীয় ফি :

ক্র :নং	ফি সমূহের বিবরণ	টাকা
০১	আবেদন ফি	১০০০/-
০২	রেজিস্ট্রেশন ফি	১৬২০/-
০৩	ব্যবস্থাপনা ফি	৫০/-
০৪	ইনকোর্স ফি	৩০০/-
০৫	ব্যাংক সার্ভিস চার্জ	০৭/-
	সর্বমোট=	২৯৭৭/-

বি. দ্র. সংশ্লিষ্ট কলেজ প্রতিটি বিষয়ে সর্বোচ্চ ১০০০ (এক হাজার) জন শিক্ষার্থীর আবেদন অনলাইন থেকে ডাউনলোড করতে পারবে।

ডাচবাংলা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বিলার আইডি ৩৩৭-এর মাধ্যমে শিক্ষার্থীর নিজ একাউন্ট থেকে ফি জমা দেয়ার নিয়মাবলী:

আপনার মোবাইল রকেট এ্যাপস এ প্রবেশ করে বিলপে থেকে ৩৩৭ বিলার আইডি সিলেক্ট করে বিল নম্বরের ঘরে **ভর্তির রোল নম্বর** এবং **Amount** এর ঘরে লিখে **২৯৭৭/-** প্রদান করুন। এবার আপনার পিন নং লিখে **Send** করুন। এবার প্রাপ্ত **TXN** নম্বরটি ব্যবহার করে **Payment Slip Download** করে জমা দিতে হবে।

বি. দ্র. (১) অন্য কোন একাউন্টের মাধ্যমে ফি জমা দিলে ফি সক্রান্ত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে



অধ্যক্ষ

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ